

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

টিও-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/০৩ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৩৬-আইন/২০১৭।—Trade Organizations Ordinance, 1961 (Ordinance No. XLV of 1961) এর section 23 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

১। বিলুপ্ত বিধি ২১ এর পর নিম্নরূপ বিধি ২১ক সন্নিবেশিত হইবে, যথা :—

“২১ক। ফেডারেশন ব্যতীত অন্যান্য বাণিজ্য সংগঠনের নির্বাচনের নিমিত্ত বিশেষ বিধান।—
ফেডারেশন ব্যতীত অন্যান্য বাণিজ্য সংগঠনের সংঘবিধিতে যাহাই থাকুক না কেন উহার—

- (ক) কার্যনির্বাহী কমিটির মেয়াদ হইবে ২ (দুই) বৎসর;
- (খ) কার্যনির্বাহী কমিটিতে কোনো ব্যক্তি একাদিক্রমে ২ (দুই) মেয়াদের অধিক নির্বাচিত হইতে পারিবেন না;
- (গ) নির্বাচনকালে কার্যনির্বাহী কমিটিতে পদ নির্ধারিত না থাকিলে সদস্যগণ তাহাদের মধ্য হইতে সংগঠনটির জন্য ১ (এক) জন সভাপতি, ১ (এক) জন সিনিয়র সহ-সভাপতি ও ১ (এক) জন সহ-সভাপতি নির্বাচিত করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, উক্ত কার্যনির্বাহী কমিটির কোনো সদস্য একাদিক্রমে ৪ (চার) বৎসর বা তদুর্ধ্ব সময় পর্যন্ত সদস্যপদে আসীন থাকিলে তিনি উক্ত সংগঠনের কার্যনির্বাহী কমিটির পরবর্তী নির্বাচনে অংশগ্রহণ করিতে পারিবেন না :

তবে আরো শর্ত থাকে যে, এই প্রজ্ঞাপন কার্যকর হইবার তারিখে কোনো কার্যনির্বাহী কমিটির মেয়াদ অবশিষ্ট থাকিলে উক্ত মেয়াদ শেষে উহার নির্বাচন অনুষ্ঠিত হইবে।”।

(১৭৫৮৩)

মূল্য ৪ টাকা ৪.০০

২। বিধি ২২ এর—

(ক) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৩) নিম্নবর্ণিত পরিচালকগণের সমন্বয়ে ফেডারেশনের বোর্ড অব ডাইরেক্টরস গঠিত হইবে, যথা:—

(ক) চেম্বার গ্রুপ হইতে নির্বাচিত পরিচালক	..	২১ জন
(খ) এসোসিয়েশন গ্রুপ হইতে নির্বাচিত পরিচালক	..	২১ জন
(গ) উপ-বিধি (৪) এ উল্লিখিত চেম্বারসমূহ কর্তৃক মনোনীত পরিচালক	..	১৫ জন
(ঘ) উপ-বিধি (৪) এ উল্লিখিত এসোসিয়েশনসমূহ কর্তৃক মনোনীত পরিচালক	..	১৫ জন

মোট ৭২ জন।”;

(খ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৪) ফেডারেশনের বোর্ড অব ডাইরেক্টরস এ নিম্নবর্ণিত চেম্বার ও এসোসিয়েশন-সমূহের কার্যনির্বাহী কমিটি কর্তৃক একজন করিয়া পরিচালক মনোনীত হইবেন, যথা :—

চেম্বারসমূহ :

- (ক) ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (খ) চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (গ) রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (ঘ) খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (ঙ) বরিশাল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (চ) সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (ছ) মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা;
- (জ) বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি;
- (ঝ) রংপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (ঞ) ঢাকা উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (ট) চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (ঠ) বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (ড) দি ময়মনসিংহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (ঢ) চিটাগাং মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (ণ) বরিশাল মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;

এসোসিয়েশনসমূহ :

- (ক) বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন;
- (খ) বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন;
- (গ) বাংলাদেশ ফেব্রিক ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন;
- (ঘ) বাংলাদেশ জুট মিলস্ এসোসিয়েশন;
- (ঙ) বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি;
- (চ) বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস;
- (ছ) বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
- (জ) বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন;
- (ঝ) বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা);
- (ঞ) বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন;
- (ট) রিয়েল এস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব);
- (ঠ) বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস);
- (ড) বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি;
- (ঢ) বাংলাদেশ ফার্নিচার এক্সপোর্টার্স এসোসিয়েশন;
- (ণ) বাংলাদেশ ল্যান্ড ডেভেলপারস এসোসিয়েশন (বিএলডিএ)।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মিরাজুল ইসলাম উকিল
উপসচিব।